


প্রশিক্ষণ ও পরামর্শ

জেলা সমবায় কার্যালয় ভোলা ও আওতাধীন ০৭টি উপজেলা সমবায় কার্যালয় কর্তৃক যে সকল প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে উহাতে সমবায়ীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং আয়বর্ধনমূলক কর্ম অত্যন্ত চমৎকার। সমবায়ীগণ বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মে নিজেদেরক নিযুক্ত করে স্বাবলম্বী হচ্ছে। সমবায়ীদের উৎপাদনমূলক কর্মকান্ড বাংলাদেশের অর্থনীতিতে বিশাল অবদান রাখছে। ফলে জিডিপি র হার বৃদ্ধি পাচ্ছে।

এভাবে প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকলে এদেশের অসংখ্য সমবায়ীগণ খুজে পাবে স্ব কর্মসংস্থান। ফলে বেকার সমস্যা দূর হবে। মানুষের সরকারি চাকুরী লাভের অদম্য আকাংখা প্রশমিত হবে। দক্ষ জনশক্তি তৈরি হবে। দক্ষ জনশক্তি দেশের সম্পদ। দেশে পণ্য উৎপাদন বাড়লে নিত্য প্রয়োজনীয় পণ্য আমদানীর হার কমবে। ফলে দেশীয় অর্থ বিদেশে যাবেনা।

তাই ভ্রাম্যমান ও আইজিএ প্রশিক্ষণ চলমান রাখা খুব জরুরী। দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য প্রশিক্ষণের কোন বিকল্প নেই। সমবায় বিভাগের মাধ্যমে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার জন্য কর্তৃপক্ষ কে পরামর্শ প্রদান করা হলো।


জেলা সমবায় আফিসার
ভোলা।